# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

## পবিস নির্দেশিকা ১০০-৩৫

## বিতরণ ট্রান্সফরমার স্থাপন, প্রতিস্থাপন, আপগ্রেডিং ইত্যাদি বিষয়ক নীতিমালা

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পবিস নির্দেশিকা ১০০-৩৫

অনুমোদনের তারিখঃ ১৮/০৮/১৯৮১ খ্রিঃ
সংশোধনের তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিঃ

**বিষয়ঃ বিতরণ ট্রান্সফরমার স্থাপন, প্রতিস্থাপন, আপগ্রেডিং ও ভাড়ায় ব্যবহার বিষয়ে নীতিমালা।**

১। **উদ্দেশ্য**

পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের আওতায় শ্রেণী ভিত্তিক গ্রাহক সংযোগের জন্য বিতরণ ট্রান্সফরমার স্থাপন, প্রতিস্থাপন, ক্ষমতা বর্ধন এবং ভাড়ায় প্রদানের লক্ষ্যে সুনির্দিষ্ট দিকনির্দেশনা প্রদানের উদ্দেশ্যে আলোচ্য নীতিমালা প্রণয়ন করা হয়েছে। পল্লী বিদ্যুৎ সমিতির গ্রাহকদের বিদ্যুৎ সংযোগের জন্য সর্বাগ্রে বিতরণ ট্রান্সফরমার স্থাপনের প্রয়োজন হয়। এ ছাড়া গ্রাহকের লোড বৃদ্ধি বা হ্রাস জনিত করণে সাইজ পরিবর্তন পূর্বক ট্রান্সফরমারের স্থাপন কিংবা স্থাপিত ট্রান্সফরমার চুরি যাওয়া বা নষ্ট হয়ে যাওয়ার কারণে পুনঃস্থাপন করতে হয়। গ্রাহকের শ্রেণী, লোড, ট্রান্সফরমার চুরি যাওয়া বা নষ্ট হয়ে যাওয়ার কারণ ইত্যাদিসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিবেচনা করে ট্রান্সফরমার স্থাপন, প্রতিস্থাপন, ক্ষমতা বর্ধন ইত্যাদি এ নীতিমালায় বর্ণনা করা হয়েছে।

২। **বিতরণ ট্রান্সফরমার সরবরাহ পদ্ধতি**

**(ক) সেচ ব্যতীত অন্যান্য সকল প্রতিষ্ঠানে সংযোগের ক্ষেত্রে-**

(১) সার্ভিস ড্রপের আওতায় ৫০ কিঃওঃ পর্যন্ত সেচ ব্যতীত সকল সংযোগের ক্ষেত্রে বিতরণ ট্রান্সফরমার, ট্রান্সফরমার এক্সেসরিজ, সার্ভিস ড্রপসহ স্থাপন ব্যয় ও অন্যান্য আনুষংগীক ব্যয় (যদি থাকে) পবিস কর্তৃক বহন করা হবে। অর্থাৎ গ্রাহকের নিকট হতে এ বাবদ কোন অর্থ আদায়যোগ্য হবে না তবে সার্ভিস ড্রপের আওতায় ৫০ কিঃওঃ এর উর্দ্ধে *বিতরণ* ট্রান্সফরমার পবিস কর্তৃক সরবরাহ করা হলে প্রতি কেভিএ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হিসেবে ট্রান্সফরমার মূল্য গ্রহণ করা হবে। এ ক্ষেত্রে প্রয়োজনীয় সার্ভিস তারের মূল্যসহ অন্য কোন মালামালের মূল্য ও স্থাপন ব্যয় গ্রহণ করা হবে না।

আবাসিক গ্রাহকদের প্রয়োজনীয় লাইন পবিস/ প্রকল্প সংস্থানে নির্মাণ করা হবে। তবে শর্ত থাকে যে, ২৫ কেভিএ ক্ষমতার ৩টি ট্রান্সফরমার ব্যাংক (মোট ৭৫ কেভিএ) হতে গ্রাহকের সাথে সর্বোচ্চ ৫০ কিঃওঃ পর্যন্ত চুক্তি করে সংযোগ প্রদান করা যেতে পারে।

(২) ৫০ কিলোওয়াট এর উর্দ্ধে শিল্প, বাণিজ্যিক ও চার্জিং স্টেশনে সংযোগ প্রদানের ক্ষেত্রে দুই স্প্যান এইচটি ও এলটি লাইন, কনভার্শন, পুশপোল এবং স্থাপন ব্যয় পবিস কর্তৃক বহন করা হবে। দুই স্প্যানের অতিরিক্ত লাইন নির্মাণ করার প্রয়োজন হলে এরূপ কাজের লাইন নির্মানের ব্যয় গ্রাহকের নিকট হতে গ্রহণ করা হবে। ঐ লাইন হতে পরবর্তীতে সমিতি লাইন সম্প্রসারণ করতে পারবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৩২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

৩। ট্রান্সফরমার চুরি হলে-

(ক) সেচ ব্যতীত সকল শ্রেণীর গ্রাহকের ক্ষেত্রে ৫ কেভিএ ট্রান্সফরমার চুরি হলে পবিস কর্তৃক বিনা মূল্যে প্রতিস্থাপন করা হবে। তবে ৫ কেভিএ ক্ষমতার উর্দ্ধে ট্রান্সফরমার চুরি হলে প্রথম বার পবিস কর্তৃক ট্রান্সফরমার প্রতিস্থাপনের জন্য ট্রান্সফরমারের মূল্যের ৫০% ও দ্বিতীয় বার এবং ততোধিক বার চুরির ক্ষেত্রে ট্রান্সফরমারের মূল্যের ১০০% মূল্য সংযোগকৃত গ্রাহকদের নিকট হতে আনুপাতিক হারে গ্রহণ করা হবে।

(খ) সেচ গ্রাহকের ট্রান্সফরমার চুরি হলে সংশ্লিষ্ট গ্রাহক কর্তৃক একই ক্ষমতার ট্রান্সফরমার সরবরাহ করতে হবে। যদি উক্ত ট্রান্সফরমার পবিস কর্তৃক সরবরাহ করা হয় সেক্ষেত্রে ট্রান্সফরমারের প্রকৃত মূল্য গ্রাহকের নিকট হতে গ্রহণ করা হবে।

(গ) একই ট্রান্সফরমারের আওতায় সেচ ও অন্যান্য শ্রেণির গ্রাহক (মিশ্র গ্রাহক) সংযুক্ত থাকলে এবং ঐ ট্রান্সফরমার চুরি হলে গ্রাহকের নিকট হতে চুক্তিবদ্ধ লোডের আনুপাতিক হারে ১ম বার ৫০% এবং ২য় বা ততোধিক বার ট্রান্সফরমারের ১০০% মূল্য আদায় করা হবে। তবে উক্ত সময়ে কোন গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন থাকলে সেই গ্রাহকের নিকট হতে মূল্য আদায়যোগ্য হবে না।

৪। ট্রান্সফরমার পুড়ে গেলে-

(ক) সেচ ব্যতীত সকল শ্রেণীর গ্রাহকের ৫০ কিঃওঃ লোড পর্যন্ত গ্রাহকের অবৈধ হস্তক্ষেপ ছাড়া ট্রান্সফরমার পুড়ে গেলে পবিস কর্তৃক বিনা মূল্যে প্রতিস্থাপন করতে হবে। পবিস কর্তৃক তদন্তে গ্রাহকের অবৈধ হস্তক্ষেপের (হুকিং, সাইড কানেকশন) কারণে পুড়ে যাওয়া প্রমাণিত হলে গ্রাহক হতে চুক্তিবদ্ধ লোডের আনুপাতিক হারে ট্রান্সফরমার মেরামত ব্যয় আদায় করা হবে।

(খ) সেচ গ্রাহকের ট্রান্সফরমার পুড়ে গেলে সংশ্লিষ্ট গ্রাহক কর্তৃক একই ক্ষমতার ট্রান্সফরমার সরবরাহ করতে হবে। যদি সেচ গ্রাহকের ট্রান্সফরমার পবিস কর্তৃক মেরামত করা হয় তবে সে ক্ষেত্রে ট্রান্সফরমারের মেরামত মূল্য গ্রাহকের নিকট হতে গ্রহণ করতে হবে। এক্ষেত্রে পবিস কর্তৃক মেরামতকৃত ট্রান্সফরমারের ১ (এক) বছরের ওয়ারেন্টি প্রদান করা হবে।

(গ) একই ট্রান্সফরমারের আওতায় মিশ্র গ্রাহক সংযুক্ত থাকলে গ্রাহকের কারণে (হুকিং, সাইড কানেকশন) ঐ ট্রান্সফরমার পুড়ে গেলে গ্রাহকদের নিকট থেকে লোডের আনুপাতিক হারে মেরামত ব্যয় আদায় করা হবে। এক্ষেত্রে পবিস কর্তৃক মেরামতকৃত ট্রান্সফরমারের ১ (এক) বছরের ওয়ারেন্টি প্রদান করা হবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

৫। **লোড বৃদ্ধি/ আপগ্রেডেশনের ক্ষেত্রে-**

(ক) **আপগ্রেডেশনের মাধ্যমে ৫০ কিঃওঃ** পর্যন্ত সেচ ব্যতীত সকল গ্রাহকের লোড বৃদ্ধির ক্ষেত্রে পুরাতন ট্রান্সফরমার পরিবর্তন করে নতুন ট্রান্সফরমার দ্বারা বিনামূল্যে প্রতিস্থাপন করা যাবে। তবে পূর্বের ট্রান্সফরমার গ্রাহক কর্তৃক ক্রয় করা হলেও আপগ্রেডেশনকালে তা অবশ্যই পবিসের স্টোরে ফেরত প্রদান করতে হবে।

**(খ) ট্রান্সফরমার ওভারলোড**

সিষ্টেম উন্নয়নের স্বার্থে TMLM বা অনুরূপ সফ্টওয়্যারের মাধ্যমে ওভার লোডেড ট্রান্সফরমার জরুরী ভিত্তিতে পবিস কর্তৃক ওভারলোড মুক্ত করতে হবে।

৬। **আন্ডার লোডেড ট্রান্সফরমার পরিবর্তন**

কোন কারণে ট্রান্সফরমার আন্ডারলোড হলে উপযুক্ত সাইজের ট্রান্সফরমার দ্বারা তা প্রতিস্থাপন করতে হবে। সেচ ব্যতীত সকল এলটি গ্রাহকের ক্ষেত্রে ট্রান্সফরমার ৩ মাস যাবৎ চুক্তিবদ্ধ লোডের ৩০% এর নিচে লোডে থাকলে তা আন্ডারলোড বলে বিবেচিত হবে।

৭। **ট্রান্সফরমার ওয়ারেন্টি**

সমিতি কর্তৃক গ্রাহকের নিকট হতে মূল্য গ্রহণ সাপেক্ষে ট্রান্সফরমার সরবরাহ/ পরিবর্তন/ আপগ্রেডেশন করা হলে পবিস কর্তৃক বিদ্যুতায়নের তারিখ হতে গ্রাহককে ১ (এক) বৎসরের ওয়ারেন্টি প্রদান করতে হবে।

৮। **একই ট্রান্সফরমারের আওতায় সেচ গ্রাহকের সাথে অন্যান্য শ্রেণির গ্রাহক সংযোগ পরিহারকরণ**

সেচ গ্রাহকের সাথে একই ট্রান্সফরমার হতে বিভিন্ন শ্রেণীর গ্রাহক সংযোগ প্রদান পরিহার করতে হবে।

৯। **ট্রান্সফরমার রক্ষণাবেক্ষণ**

৫০ কিলোওয়াট পর্যন্ত সেচ ব্যতীত সকল গ্রাহকের ট্রান্সফরমার সমিতির ব্যয়ে মেরামত করতে হবে।

১০। **সংযোগ স্থানান্তর**

সেচ ব্যতীত সার্ভিস ড্রপের আওতায় যে কোন সংযোগ স্থানান্তর হলে বিনা মূল্যে সমিতি স্থানান্তর কাজ করবে।

১১। **ইলেক্ট্রনিক রেকর্ড কার্ড (ERC)**

ট্রান্সফরমার স্থাপনের পূর্বে ইলেক্ট্রনিক পদ্ধতিতে ERC প্রণয়ন করতে হবে। ট্রান্সফরমারের লোড হ্রাস ও পরিবর্তনের প্রয়োজন হলে ERC ঐ দিনই আপডেট করতে হবে।

১২। **সিস্টেম প্রটেকশন**

পবিস বিতরণ ব্যবস্থায় সিষ্টেম প্রটেকশনের জন্য ফিউজ কাট-আউট, লাইটনিং এ্যারেষ্টার ও প্রয়োজনীয় সাইজের ফিউজ লিংক ব্যবহার এবং বাপবিবো'র ষ্ট্যান্ডার্ড অনুযায়ী ময়েশ্চার লেভেল পর্যন্ত গ্রাউন্ডিং স্থাপন করতে হবে।



(Md. Mozibur Rahman) Consultant TAPP BREB

(Md. Duhidul Islam) Consultant TAPP BREB

(Md. Mozammel Huq) Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque) Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque) Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty) PD TAPP BREB

(Kamrul Ahsan Mollik) Asst. Secy. (Board), BREB

১৩। নিরাপত্তা জামানত

(ক) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর চলমান ট্যারিফ গেজেট অনুযায়ী নিরাপত্তা জামানত গ্রহণ করতে হবে। সংযোগকৃত গ্রাহকদের লোড বৃদ্ধি হলে নিরাপত্তা জামানত গ্রহণ করতে হবে। পূর্বের লোডের জামানত বহাল থাকবে, বর্ধিত/আবেদনকৃত লোডের জন্য বিদ্যমান হারে জামানত গ্রহণ করতে হবে।

(খ) ধান কল/রাইস মিলসহ যে কোন নতুন সংযোগের ক্ষেত্রে কোন অফেরতযোগ্য জামানত গ্রহণ করা যাবে না।

১৪। **ট্রান্সফরমার ভাড়া দেওয়া**

জরুরী প্রয়োজনে ট্রান্সফরমার (সর্বোচ্চ ১৫ দিন, তবে বিশেষ বিবেচনায় দ্বিগুণ হারে ৩০ দিন) ভাড়া দেওয়া যাবে। বিইআরসি কর্তৃক নির্ধারিত চার্জ/ফি প্রযোজ্য হবে।

১৫। **ট্রান্সফরমার লোডিং**

ট্রান্সফরমারের ওভার লোড নির্ধারণের জন্য সংযোগকৃত গ্রাহকদের বাস্তব লোড ও চুক্তিবদ্ধ লোডের তুলনামূলক পর্যালোচনা করতে হবে। গ্রাহক সংখ্যার উপর ভিত্তি করে ওভার লোড নির্ধারণ করা যাবে না। ওভারলোডিং পরিহারের লক্ষ্যে পরিমিত ক্ষমতা মার্জিন রেখে ট্রান্সফরমারের ক্ষমতার ৭৫% লোড বিবেচনায় ডিজাইন করতে হবে। চুক্তিবদ্ধ লোডের চেয়ে বাস্তবে কোন গ্রাহকের লোড বেশি পাওয়া গেলে ওভার লোডিং তথ্য উক্ত গ্রাহকের নথিতে রেকর্ডভুক্ত করতে হবে এবং প্রযোজ্য নির্দেশিকা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৬। পাওয়ার ফ্যাক্টর

প্রযোজ্য ক্ষেত্রে পাওয়ার ফ্যাক্টর BERC নির্ধারিত সীমার মধ্যে রাখতে হবে।

১৭। প্রাইমারী মিটারিং

নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে গ্রাহকের বরাদ্ধকৃত লোডে বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রাইমারী মিটারিং করা কারিগরী সমস্যার কারণে সম্ভব না হলে ব্যবহৃত ইউনিটের সাথে ২.৫% হারে ট্রান্সফরমার লস যোগ করতে হবে।

১৮। **বহুতল ভবনের বিদ্যুৎ হার**

**(ক) অনুমোদিত লোড ৫০ কিরোওয়াট এর উর্দ্ধ হতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত গ্রহকদের জন্য প্রযোজ্যঃ**

বিইআরসি এর নির্দেশনা মোতাবেক ৫০ কিলোওয়াট এর উর্দ্ধে হতে ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত চাহিদা সম্বলিত সম্পূর্ণ আবাসিক স্থাপনা ও ফ্লাট মালিক সোসাইটি/সমিতি পরিচালিত বহুতল আবাসিক ভবন/ স্থাপনায় সম্পূর্ণ আবাসিক বিদ্যুৎ ব্যবহার এমটি-১ঃ আবাসিক গ্রাহক শ্রেণীর অন্তর্ভূক্ত হবে এবং বিলিং এর জন্য বিইআরসি এর আদেশে বর্ণিত মূল্য হার ও শর্তাবলী প্রযোজ্য হবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৩২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakraborty)
PD TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB,

(খ) **অনুমোদিত লোড সর্বাধিক ৫০ কিলোওয়াট পর্যন্ত গ্রাহকদের জন্য প্রযোজ্যঃ**

বহুতল আবাসিক ভবনে ৪ টির অধিক মিটার (মোট অনুমোদিত লোড সর্বাধিক ৫০ কিলোওয়াট পর্যন্ত) হলে তন্মধ্যে একটি মেইন/সেন্ট্রাল মিটার হিসেবে ও অবশিষ্টগুলো সাব-মিটার হিসেবে স্থাপন করা যেতে পারে। ভবনের মালিক/ মালিকের প্রতিনিধির মিটারটিই মেইন/ সেন্ট্রাল মিটার হিসেবে বিবেচিত হবে। অর্থাৎ মেইন মিটার কোন অতিরিক্ত মিটার নয়। মেইন মিটারে সম্পূর্ণ ভবনের মোট ব্যবহৃত ইউনিট হতে সাব-মিটারসমূহের রেকর্ডকৃত/ বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়ে প্রাপ্ত অবশিষ্ট ইউনিট মেইন মিটারের (ভবনের মালিক/মালিকের প্রতিনিধি) ব্যবহার হিসেবে গণ্য হবে এবং এলটি-এ (আবাসিক) গ্রাহক শ্রেণীর মূল্য হার (স্লাব সুবিধাসহ) ও শর্তাবলী অনুযায়ী আবাসিক মেইন মিটার ও সাব-মিটারসমূহের বিল নির্ধারণ করা হবে। মেইন মিটার ও সাব-মিটারের জন্য অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকতে হবে এবং অনুমোদিত লোড অনুযায়ী মেইন মিটার ও সাব-মিটারের ডিমান্ড চার্জ ধার্য করা হবে।

(গ) ইতোপূর্বে মেইন/ সেন্ট্রাল মিটার হিসেবে অতিরিক্ত মিটার সংযোগ দেয়া থাকলে তা গ্রাহকের সাথে সমঝোতার মাধ্যমে প্রত্যাহার করা যেতে পারে।

(ঘ) প্রি-পেমেন্ট মিটার গ্রাহকদের ক্ষেত্রে প্রতিটি মিটার আলাদা আলাদা বা স্বতন্ত্র মিটারিং এর আওতায় সংযোগ হবে। এ ক্ষেত্রে মেইন মিটার ও সাব-মিটার হিসেবে কোনটিই গণ্য হবে না।

| বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | | | | |
|---|---|---|---|---|
| পবিস নির্দেশিকা ১০০৩৫ঃ বিতরণ ট্রান্সফরমার স্থাপন, প্রতিস্থাপন, আপগ্রেডিং ইত্যাদি বিষয়ক নীতিমালা। | | | | |
| উৎপত্তির তারিখ | হালনাগাদকারী | অনুমোদনকারী | পৃষ্ঠা সংখ্যা | সংশোধন সংখ্যা |
| ১৮/০৮/১৯৮১ | বাপবিবো | বাপবিবো বোর্ড | পৃষ্ঠা ৫ / ৫ | ১০ |
| সংশোধনের তারিখঃ ১৫/০৩/১৯৮৩, ১৮/০৮/১৯৮৩, ২৫/০৮/১৯৮৪, ২৯/১০/১৯৮৫, ০৮/০১/১৯৮৬, ২৪/০২/১৯৯০, ২৯/০৬/১৯৯১, ১৪/১১/১৯৯৬, ১৫/০৭/১৯৯৮ ও ১৯/০২/২০২০ | | | | |

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP BREB

(Debasish Chakraborty)
PD TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.